গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd
**College Code : 1400, EIIN NO : 108155**

তারিখ: ১৮/০৩/২০২৪

# ২০২২ সনের অনার্স ৩য় বর্ষ (পুরাতন সিলেবাস) অনিয়মিত ও মান্নোনয়ন শিক্ষার্থীদের ফরম পূরণের বিজ্ঞপ্তি

অনার্স ৩য় বর্ষ' ২০২২ পরীক্ষার অনিয়মিত, মানোন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণ ১৮/০৩/২০২৪ তারিখ হতে ২৫/০৩/২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন হবে। ফরম পূরণের আবেদন ফরম ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (7 College.du.ac.bd) Form Fill-up ক্লিক করে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনানুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। ফরম পূরণের টাকা পরিশোধের জন্য অফিস থেকে টাকা জমার রসিদ সংগ্রহ করে স্ব-স্ব বিভাগীয় প্রধান কর্তৃক যাচাই সাপেক্ষে অফিসের ১১৩ নং কক্ষে সকাল ১০.০০টা থেকে বিকাল ৩:০০ টার মধ্যে পরীক্ষার ফি জমা দিয়ে ফরম, রশিদের কপিও প্রয়োজনীয় কাগজপত্র বিভাগে জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

| ক্রমিক নং | বিষয় | টাকা |
|---|---|---|
| ০১ | বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, সমাজবিজ্ঞান, অর্থনীতি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামী শিক্ষা, ইতিহাস, দর্শন, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা | ২,৬৮০/- |
| ০২ | গণিত, পদার্থবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, ভূগোল ও পরিবেশ, মনোবিজ্ঞান ও গার্হস্থ্য অর্থনীতি | ২,৮৭৫/- |
| ০৩ | রসায়ন | ৩,০০০/- |
| | মানোন্নয়ন | |
| ০৪ | ১ বিষয় | ১,৪৮০/- |
| ০৫ | ২ বিষয় | ১,৬৮০/- |
| ০৬ | ৩ বিষয় | ১,৮৮০/- |
| ০৭ | ৪ বিষয় | ২,০২০/- |
| ০৮ | ৫ বিষয় | ২,২৮০/- |

**ফরম পূরণ ও ফি জমাদানের তারিখঃ ১৮/০৩/২০২৪ হতে ২৫/০৩/২০২৪পর্যন্ত।**
**নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।**

**অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য)ঃ**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd/formfillup.php) **Formfilup** বাটনে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় কোড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরমপূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।** সংশোধন করার পর অবশ্যই সাবমিট করতে হবে।

১৮/০৩/২৪

**প্রফেসর সাবিকুন নাহার**
**আই.ডি-৫৪০**
অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।

*চলমান পাতা-২*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd
**College Code : 1400, EIIN NO : 108155**



খ) প্রিন্টকৃত ফরমে (এন্ট্রি ফরম) শিক্ষার্থী নিজে স্বাক্ষর করার পর কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষের** স্বাক্ষর নিয়ে ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ২৪/০৩/২০২৪ তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

**পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:**

**অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য**

* ২০১৬-১৭ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড/উত্তীর্ণ হয়ে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০১৯, ২০২০ ও ২০২১ (পুরাতন সিলেবাস) সনের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা আলোচ্য পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়াও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যে সকল পরীক্ষার্থী ২০১৯, ২০২০, ২০২১ (পুরাতন সিলেবাস) সনের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০২২ সালের ৩য় বর্ষ (পুরাতন সিলেবাস) অনার্স পরীক্ষায় তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

**মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য**

* ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/প্রমোটেড হয়েছে কিন্তু ৩য় বর্ষ পরীক্ষায় যে সকল কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও ২০২১ সনের ৩য় বর্ষ (পুরাতন সিলেবাস) অনার্স পরীক্ষায় যারা অনিয়মিত হিসেবে ১ম বারের মত অংশগ্রহণ করে C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০২২ সালের তৃতীয় বর্ষ (পুরাতন সিলেবাস) অনার্স পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। **এক্ষেত্রে একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি একাধিক বার গ্রেড উন্নতকরণের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে। উল্লেখ্য যে, মৌখিক, ব্যবহারিক, ইনকোর্স পরীক্ষার গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।**

**বিশেষ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য**

(২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের ক্ষেত্রে প্রযোজ্য)

- **২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫** সনের যে সব শিক্ষার্থী ৩য় বর্ষে এক বা একাধিক কোর্সে F **গ্রেড** ও Absent আছে সে সকল পরীক্ষার্থী আলোচ্য পরীক্ষায় শুধুমাত্র F গ্রেড ও Absent কোর্সে অংশগ্রহণ করতে পারবে। তবে **উল্লেখ থাকে যে, এ সব পরীক্ষার্থীরা** ৫,০০০/- টাকা জরিমানা সাপেক্ষে ২০২২ সনের **অনার্স ৩য় বর্ষ (পুরাতন সিলেবাস) পরীক্ষায় বিশেষ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।**

**## কেবলমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নাম্বার প্রাপ্ত শিক্ষার্থীরাই উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে ##**

**ফরমের সাথে যে সমস্ত কাগজপত্র জমা দিতে হবেঃ**

০১. অনিয়মিত শিক্ষার্থীদের পুনঃ ভর্তি ভর্তি রশিদের ফটো কপি।
০২. পরীক্ষায় অংশগ্রহণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে পূরণকৃত ফরম ফিলাপের ফরম।
০৩. টাকা জমা রশিদের ফটোকপি।

বিঃদ্রঃ **শিক্ষার্থীরা রশিদ এবং পরীক্ষার এন্ট্রি ফরম বিভাগে জমা না দিয়ে বাসায় নিয়ে গেলে তার পরীক্ষার ফরম পূরণ বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীদের ফরম পূরণের তথ্য সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে ভেরিফাই করতে হবে।**

১২/০৩/২৪
(প্রফেসর সাবিকুন নাহার)
অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।

বিতরণ:
০১. কলেজ নোটিশ বোর্ড
০২. বিভাগীয় প্রধান
০৩. সংরক্ষণ নথি।